দৈনিক
আমাদের সময়

তারিখ 18 SEP 2016
পৃষ্ঠা ১১ কলাম ২

# শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধের দাবি অভিভাবকদের

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষায় বৈষম্য ও শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধের দাবি জানিয়েছেন অভিভাবকরা। গতকাল রাজধানীর শান্তিনগরে অভিভাবক ঐক্য ফোরামের কার্যালয়ে এক আলোচনাসভায় অভিভাবকরা এ দাবি জানান। শিক্ষা দিবস উপলক্ষে অডিভাবক ঐক্য ফোরাম এ সভা আয়োজন করেছিল।

সভায় বক্তারা বলেন, সামরিক শাসক আইয়ুব খানের আমলে ১৯৫৯ সালে শিক্ষায় বৈষম্য ও সংকোচন নীতির আলোকে তৈরি শরীফ কমিশনের শিক্ষানীতির প্রতিবাদে ছাত্ররা আন্দোলন শুরু করে। শরীফের নেতৃত্বে প্রণীত শিক্ষানীতি ছাত্রসমাজ প্রত্যাখ্যান করে। ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর ছাত্রসমাজের অপ্রতিরোধ্য আন্দোলনে বাতিল হয় গণবিরোধী শরীফ কমিশন। '৬২-এর শিক্ষা কমিশনের বিরুদ্ধে আন্দোলনের ফল আজও অর্জিত হয়নি। বরং স্বাধীনতার পরের সব সরকারই শিক্ষার বাণিজ্যিকীকরণের সব উপাদান বজায় রেখেছে। এ সময় বক্তারা শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদান নিশ্চিত, কোচিংবাণিজ্য নিষিদ্ধকরণ, শিক্ষায় বৈষম্য ও শিক্ষা বাণিজ্যিকীকরণ বন্ধ করতে সরকারের কাছে জোর দাবি জানান।